

## ২০২১ – ২০২২ শিক্ষাবর্ষে GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহে ভর্তি প্রক্রিয়া

প্রতিটি বিশ্ববিদ্যালয় মেধাক্রমসহ যাবতীয় ফলাফল নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করবে। উক্ত ফলাফলের ভিত্তিতে GST ওয়েবসাইট (<https://gstadmission.ac.bd>)-এর মাধ্যমে কেন্দ্রীয় ব্যবস্থাপনায় ২০২১-২০২২ শিক্ষাবর্ষের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে। সামগ্রিক ভর্তি প্রক্রিয়া প্রধান দুটি ধাপে বিভক্ত – (ক) প্রাথমিক ভর্তি ও (খ) চূড়ান্ত ভর্তি।

### (ক) প্রাথমিক ভর্তি প্রক্রিয়া

প্রতিটি বিশ্ববিদ্যালয় আবেদনকারীদের মেধাতালিকা প্রস্তুত, বিভাগ পছন্দক্রম ও মেধাক্রম বিবেচনায় ভর্তির জন্য বিভাগ নির্বাচনসহ ফলাফল সংক্রান্ত যাবতীয় কার্যক্রম নিজস্ব ব্যবস্থাপনায় সম্পন্ন করবে। ভর্তির প্রতিটি ধাপের ফলাফল ও বিস্তারিত তথ্য স্ব-স্ব বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত হবে। তবে প্রাথমিক ভর্তির সকল কার্যক্রম GST ওয়েবসাইটের মাধ্যমে পরিচালিত হবে। প্রতিটি বিশ্ববিদ্যালয়ের নিজস্ব হেল্পলাইন থাকতে পারে। প্রাথমিক ভর্তির ক্ষেত্রে নিম্নে উল্লেখিত বিষয়সমূহ বিশেষভাবে লক্ষ্যনীয়ঃ

(১) **কেন্দ্রীয় ভর্তিঃ** শিক্ষার্থীরা যে সকল বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক ভর্তির জন্য নির্বাচিত হয়েছে সংশ্লিষ্ট বিভাগসহ তার তালিকা (ফলাফল) GST ওয়েবসাইটে প্রদর্শিত হবে। যে কোন আবেদনকারী GST-এর আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে GST ওয়েবসাইটে লগইন করে তা দেখতে পারে। **এক বা একাধিক বিশ্ববিদ্যালয়ে বিভাগসহ প্রাথমিক ভর্তির জন্য প্রথমবার নির্বাচিত হবার পরেও আবেদনকারী যে কোনো একটিতে প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন না করে তাহলে পরবর্তীতে GST- গুচ্ছ ভুক্ত কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য বিবেচিত হবে না।** প্রাথমিক ভর্তির জন্য আংশিক ভর্তি ফি বাবদ ৫০০০/- টাকা GST ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে পরিশোধের পর তার এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার মূল নম্বরপত্র নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় (যে বিশ্ববিদ্যালয়ে প্রথম ভর্তি হবে)-এ জমা দিতে হবে। **আংশিক ভর্তি ফি পরিশোধের পরেও মূল নম্বরপত্র দুটি নির্ধারিত সময়ের মধ্যে (অনলাইন নোটিশের মাধ্যমে জানানো হবে) সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ে জমা দিতে অপারগ হলে ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরবর্তীতে GST-এর কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য বিবেচিত হবে না।** GST গুচ্ছভুক্ত কোন একটি বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক ভর্তি সম্পন্ন করলে আবেদনকারী যে সকল বিশ্ববিদ্যালয়ে আবেদন করেছে তার প্রত্যেকটিতে মেধাক্রম অনুযায়ী বিভাগ মাইগ্রেশনসহ ভর্তির জন্য বিবেচিত হবে।

(২) **বিভাগ মাইগ্রেশনঃ** আবেদনকৃত প্রতিটি বিশ্ববিদ্যালয়ে বিভাগ মাইগ্রেশন প্রক্রিয়া সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ব্যবস্থাপনায় সয়ংক্রিয়ভাবে চলবে। নির্দিষ্ট বিশ্ববিদ্যালয়ে ভর্তিকৃত বিভাগ হতে অপেক্ষাকৃত অধিকতর পছন্দের কোন বিভাগে যেতে না চাইলে আবেদনকারীকে নিজ দায়িত্বে GST ওয়েবসাইটের মাধ্যমে Subject Migration Stop সম্পন্ন করতে হবে। সেক্ষেত্রে ভর্তিকৃত বিভাগ ব্যতিত ঐ বিশ্ববিদ্যালয়ের অন্য কোন বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে না। তবে তার আবেদনকৃত অন্য বিশ্ববিদ্যালয়ে বিভাগ মাইগ্রেশন প্রক্রিয়া চলমান থাকবে।

(২) **বিশ্ববিদ্যালয় মাইগ্রেশনঃ** আবেদনকারী কোন একটি বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক ভর্তি থাকা অবস্থায় অন্য কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য নির্বাচিত হলে নিজ দায়িত্বে GST ওয়েবসাইটের মাধ্যমে তার প্রাথমিক ভর্তি অন্য বিশ্ববিদ্যালয়ে স্থানান্তর করতে হবে। তবে জমাকৃত মূল কাগজপত্র স্থানান্তরের প্রয়োজন হবে না। **একটি বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক ভর্তি থাকা অবস্থায় অন্য কোন বিশ্ববিদ্যালয়ে কখনই ভর্তি হতে না চাইলে আবেদনকারীকে নিজ দায়িত্বে GST ওয়েবসাইটের মাধ্যমে University Migration Stop সম্পন্ন করতে হবে।** সেক্ষেত্রে শুধুমাত্র মেধাক্রম ও পছন্দক্রম অনুসারে ভর্তিকৃত বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে। কোন একটি বিশ্ববিদ্যালয়ে ভর্তি থাকাকালীন Subject Migration Stop ও University Migration Stop উভয়টি সম্পন্ন করলে শুধুমাত্র সেই বিশ্ববিদ্যালয়ের ভর্তিকৃত বিভাগ ব্যতিত অন্য কোন বিশ্ববিদ্যালয়ের কোন বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে না।

(৩) **ভর্তি বাতিলঃ** প্রাথমিক ভর্তি চলাকালে কোন আবেদনকারী নিজ ইচ্ছায় (GST ওয়েবসাইটের মাধ্যমে) ভর্তি বাতিল করলে পরবর্তীতে কোনক্রমেই কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য বিবেচিত হবে না। সেক্ষেত্রে মূল কাগজপত্র যে বিশ্ববিদ্যালয়ে জমা দেওয়া আছে সেখান থেকে নিজ দায়িত্বে সংগ্রহ করতে হবে।

#### **(খ) চূড়ান্ত ভর্তি প্রক্রিয়া**

সকল প্রকার মাইগ্রেশনসহ প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবার পর চূড়ান্ত ভর্তি কার্যক্রম স্ব-স্ব বিশ্ববিদ্যালয়ে পরিচালিত হবে। আবেদনকারী কোন বিশ্ববিদ্যালয়ে (নির্দিষ্ট বিভাগে) চূড়ান্ত ভর্তির জন্য নির্বাচিত হলে তাকে সেই বিশ্ববিদ্যালয়ে সশরীরে উপস্থিত হয়ে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত নিয়মানুযায়ী চূড়ান্ত ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। সেক্ষেত্রে প্রাথমিক ভর্তির অগ্রিম ফি বাবদ ইতিমধ্যে প্রদত্ত ৫০০০/- টাকা ঐ বিশ্ববিদ্যালয়ের চূড়ান্ত ভর্তি ফি-এর সাথে সমন্বয়পূর্বক অবশিষ্ট অংশ পরিশোধ করতে হবে। মূল কাগজপত্র নির্ধারিত সময়ের মধ্যে নিজ দায়িত্বে চূড়ান্তভাবে ভর্তিকৃত বিশ্ববিদ্যালয়ে জমা দিয়ে চূড়ান্ত ভর্তি নিশ্চিত করতে হবে।